



প্রধান সাময়িক আইন প্রণায়ক লেঃ জেনারেল এচ. এম. এরশাদ গতকাল সোমবার চৌমুহনী কলেজে ছাত্রদের উদ্দেশে ভাষণ দিচ্ছেন।

রাজনীতি থেকে ছাত্রদের দূরে ধাকার পরামর্শ

প্রধান সাময়িক আইন প্রণায়ক লেঃ জেঃ এইচ. এম. এরশাদ ছাত্রদের জ্ঞানের অধুসায় মনোনিবেশ করার ও দলীয় রাজনীতি থেকে দূরে ধাকার পরামর্শ দিয়েছেন। তিনি গতকাল চৌমুহনী কলেজে ছাত্রদের উদ্দেশে ভাষণ দিচ্ছিলেন।

তিনি বলেন, দেশের যোগ্য নাগরিক হিসাবে নিজেদের গড়ে তোলার জন্য জ্ঞানার্জনই ছাত্রদের প্রধান করণীয়।

তিনি বলেন, ছাত্ররা স্বভাবতঃই আর্থ-সামাজিক ও রাজনৈতিক ঘটনাপ্রবাহের সাথে ভাল মিলিয়ে চিনবে, তবে দলীয় রাজনীতিতে (শেষ পৃঃ ৩ এর কঃ দ্রঃ)

রাজনীতি থেকে ছাত্রদের (১ম পাতার পর)

জড়িয়ে পড়া ছাত্রদের ভবিষ্যতের জন্য ক্ষতিকর হবে।

ছাত্রদের উন্নয়ন কাজে অংশ গ্রহণের আহ্বান জানিয়ে তিনি বলেন, 'তোমরা আমার কাছে আস। মতন বাংলাদেশ গড়ার কাজে আমার হাতকে শক্তিশালী কর।'

বিপুল হর্ষধ্বনির মধ্যে জেনারেল এরশাদ চৌমুহনী কলেজকে সরকারী কলেজে পরিণত করা হবে বলে ঘোষণা করেন।